

## জাতিসংঘ রিপোর্টসমূহ উদ্বোধন ও সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্য প্রচার



আলোচ্য বছরে তথ্য কেন্দ্র জাতিসংঘ ব্যবস্থার তিনটি গুরুত্বপূর্ণ রিপোর্ট উদ্বোধন ও প্রচারে বিশেষ সহায়তা প্রদান করে। ইউনিকেরই উদ্যোগ ১৭ এপ্রিল সিরডাপ মিলনায়তনে এক সাংবাদিক সম্মেলনে উদ্বোধন করা হয় এসকাপের ‘এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের অর্থনৈতিক ও সামাজিক সমীক্ষা ২০০৩’ (Economic and Social Survey for Asia and the Pacific-2003)। সেন্টার ফর পলিসি ডায়ালগ এর নির্বাহী পরিচালক সমীক্ষাটি মুদ্রণ ও ইলেকট্রনিক মাধ্যমগুলোর প্রতিনিধিদের কাছে উপস্থাপন করেন এবং এরই আলোকে তিনি অর্থনৈতিক ও সামাজিক উন্নয়নে এ অঞ্চলের সমস্যাগুলো ব্যাখ্যা করেন। বাংলাদেশের জাতিসংঘ আবাসিক সমন্বয়কারী ইয়র্গান লিসনারের সভাপতিত্বে অনুষ্ঠিত এই আয়োজনে তথ্য কেন্দ্রের কর্মকর্তা উদ্বোধনী বক্তব্য রাখেন। অনুষ্ঠানটি গণমাধ্যমগুলোতে বিশেষ গুরুত্ব সহকারে স্থান পায়। জুন মাসে বিশ্ব অর্থনৈতিক সমীক্ষা (World Economic Survey)-এর উদ্বোধন উপলক্ষে জাতিসংঘ সদর দফতরের প্রেস বিজ্ঞপ্তিটি তথ্য কেন্দ্র কর্তৃক পুনঃপ্রচারিত হয়। ২৬ জুন দেশের অন্যতম প্রধান জাতীয় দৈনিক ইনডিপেন্ডেন্ট ‘বিশ্ব অর্থনীতির গতি পুনরুদ্ধার সংগ্রাম’ (World Economy Struggles to Regain Momentum) শিরোনামে বিজ্ঞপ্তিটি প্রকাশ করে।

৪ সেপ্টেম্বর আর একটি সাংবাদিক সম্মেলনে ইউনিক ঢাকা ও বাংলাদেশ বিনিয়োগ বোর্ডের যৌথ উদ্যোগে আঙ্কটাড কর্তৃক প্রস্তুত ‘বিশ্ব বিনিয়োগ রিপোর্ট ২০০৩’ (World Investment Report-2003) উদ্বোধন করা হয়। হোটেল পূর্বাণী ইন্টারন্যাশনালে রিপোর্টটি উপস্থাপন করেন বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠানের সফরকারী ফেলো। অতঃপর প্রেস ব্রিফিংকালে বাংলাদেশের জাতিসংঘ আবাসিক সমন্বয়কারী এবং বাংলাদেশ বিনিয়োগ বোর্ডের নির্বাহী চেয়ারম্যান বক্তব্য রাখেন। গণমাধ্যমগুলোর সিনিয়র রিপোর্টারগণ সাংবাদিক ব্রিফিং এ অংশগ্রহণ করেন। তথ্য কেন্দ্রের কর্মকর্তা অধিবেশন সমন্বয়ের দায়িত্ব পালন করেন।



ইউএনডিপি কর্তৃক প্রকাশিত 'মানব উন্নয়ন রিপোর্ট ২০০৩' (Human Development Report-2003) ভিন্নভাবে জনসমক্ষে তুলে ধরা হয়। তথ্য কেন্দ্রের জুলাই মাসের মাসিক বাংলা নিউজলেটার প্রায় সম্পূর্ণরূপে রিপোর্টটির ওপর নিবেদিত রাখা হয়। মানব উন্নয়নের বিভিন্ন ক্ষেত্রে বাংলাদেশের তুলনামূলক অবস্থানগুলো বিশেষভাবে উল্লিখিত থাকায় রিপোর্টটির বিশেষ গুরুত্ব রয়েছে। বস্তুত জনগণের চাহিদাহেতু এটির এভাবে উদ্বোধন যুক্তিসঙ্গত বলে প্রমাণিত হয়।

এ সময়ে সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্য সম্পর্কে জনগণকে সচেতন করার জন্যও তথ্য কেন্দ্র সক্রিয় থাকে। এ উদ্দেশ্যে জাতিসংঘ গ্রন্থাগার নেটওয়ার্কের সহায়তায় তথ্য কেন্দ্র ও বিশ্বব্যাংকের যৌথ উদ্যোগে একটি অর্ধদিবসব্যাপী কর্মশালার আয়োজন করা হয়। ২৫ জন সদস্য গ্রন্থাগারিক এতে অংশগ্রহণ করেন। ব্যাংক ও তথ্য কেন্দ্রের কর্মকর্তাগণ এবং ইউএনডিপিএর ইনফরমেশন অফিসার সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যসমূহ ও বিশ্বব্যাংকে জনতথ্য কার্যক্রমের ব্যাখ্যা দেন। অংশগ্রহণকারীদের মধ্যে ঐ লক্ষ্যসমূহ ও বাংলায় অনূদিত আনুষঙ্গিক কাগজপত্রের অনুলিপি বিতরণ করা হয়। অনুষ্ঠানটি সমন্বয় করেন তথ্য কেন্দ্রের রেফারেন্স গ্রন্থাগারিক, যিনি গ্রন্থাগার নেটওয়ার্কেরও সদস্য সচিব।

